

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ৮ ফেব্রুয়ারি, ২০২১।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল কর্মী

হতে : উপ-নির্বাহী পরিচালক

বিষয় : **BMI (Body Mass Index) মান বজায় রাখা প্রসঙ্গে।**

প্রিয় সহকর্মীবৃন্দ,

আমরা লক্ষ্য করছি সংস্থার অনেক কর্মীর BMI এর মান আদর্শ পর্যায়ে নেই যে কারণে তারা ভালোভাবে কাজ করতে পারছেন না যা সংস্থাকে ভাবিয়ে তুলছে। তাই আপনাদের সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিত বিষয়সমূহ আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. যে সকল কর্মীর BMI এর মান আদর্শ পর্যায়ে নেই তাদেরকে জুন ২০২১ মাস পর্যন্ত সময় দেয়া হলো তাদের আদর্শ মান সঠিক করার জন্য।
২. যারা উক্ত সময়ের মধ্যে আদর্শমানে পৌঁছতে পারবেন না তাদেরকে একটি সতর্কীকরণ পত্র দিয়ে **Dismissal Process** এর আওতায় আনা হবে।
৩. সংশ্লিষ্ট প্রথম তত্ত্বাবধায়ক নিম্নোক্ত ছকে প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারীর নিকট ১৫ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের মধ্যে পাঠাবেন।

BMI সম্পর্কিত বর্তমান অবস্থার প্রতিবেদন ছক (যাদের BMI ঠিক নেই তাদের প্রতিবেদন পাঠাবেন):

কার্যালয়/প্রকল্পের নাম:-----

ক্রম	কর্মীর নাম	পদবী	বর্তমান ওজন (কেজি)	BMI অনুযায়ী ওজন কত কেজি বেশী/কম	বেশী/কম থাকলে আদর্শমানে আনতে পরিকল্পনা কি এবং কত সময়ের মধ্যে	তত্ত্বাবধায়কের মন্তব্য

প্রতিবেদন প্রস্তুতকারী তত্ত্বাবধায়কের স্বাক্ষর, সিল ও তারিখ

৪. সংশ্লিষ্ট প্রথম তত্ত্বাবধায়ক নিম্নোক্ত ছকে প্রতি মাসে নিম্ন স্বাক্ষরকারীর নিকট প্রতি মাসের ৭ তারিখের মধ্যে পাঠাবেন।

BMI সম্পর্কিত মাসিক অগ্রগতি প্রতিবেদন ছক:

মাসের নাম:-----

কার্যালয়/প্রকল্পের নাম:-----

ক্রম	কর্মীর নাম	পদবী	BMI অনুযায়ী গত মাসে কত কেজি ওজন কমানো/ব্যাডানোর পরিকল্পনা ছিল	কত কেজি কমিয়েছেন/ বাড়িয়েছেন	পরিকল্পনা অনুযায়ী অর্জন করতে না পারার কারণ	তত্ত্বাবধায়ক কি ব্যবস্থা গ্রহণ করেছেন

প্রতিবেদন প্রস্তুতকারী তত্ত্বাবধায়কের স্বাক্ষর, সিল ও তারিখ

৫. এই সার্কুলারটি আপনি আপনার শাখায়, প্রকল্প অফিস, সিএফএমটিসি, সিএক্সএমটিসি, বরিশাল, চট্টগ্রাম, নোয়াখালী ব্যবস্থাপনা কেন্দ্র, ইউরক অফিস ও প্রধান কার্যালয়ে আগামী দু'টি সভায় আলোচনা করবেন। এই সার্কুলারটি সকল কর্মী পড়েছেন এই মর্মে স্বাক্ষর করবেন এবং সবার অবগতির জন্য নোটিশ বোর্ডে ১৫ দিন বুলিয়ে রেখে তারপর নির্দিষ্ট ফাইলে চলে যাবে।

আপনাদের অব্যাহত সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

অনুলিপি : নির্বাহী পরিচালক

সকল পরিচালক